

বনিক বাত্রা শুক্রবার, জানুয়ারি ৩১, ২০২৫ ■ মাঘ ১৭, ১৪৩১



## এনএসইউ লাইব্রেরিতে অধ্যাপক মাহমুদ শাহ কোরেশীকে সম্মাননা

বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক অধ্যাপক মাহমুদ শাহ কোরেশীর অবদানকে সম্মান জানাতে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) লাইব্রেরি সম্প্রতি একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে অংশ নেন এনএসইউর উপাচার্য অধ্যাপক আবদুল হামান চৌধুরী, কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান, ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তারা। অনুষ্ঠানে অধ্যাপক কোরেশীর অমূল্য অবদানের জন্য প্রশংসা করা হয়।